

ADD (Planning)
SCA ১০ Website
১ নং সিস্টেম ডায়গ্রাম

বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরে সরকারী কর্ম সম্পাদন ব্যবস্থাপনা “ **Government Performance Management (GPM)** শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাজীপুর, ০৬/০৪/২০১৬

বীজ প্রত্যয়ন এজেন্সী'র আঞ্চলিক ও জেলা পর্যায়ে কর্মকর্তাদের জন্য সরকারী কর্ম সম্পাদন ব্যবস্থাপনা / **Government Performance Management (GPM)** শীর্ষক ০৩ দিন ব্যাপী প্রশিক্ষণ গত ৩০/০৩/২০১৫ হতে ০১/০৪/২০১৬ তারিখ পর্যন্ত বীজ প্রত্যয়ন এজেন্সী'র প্রশিক্ষণ হলে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২০ (বিশ) ঘন্টা সরকারী কর্ম সম্পাদন ব্যবস্থাপনা **Government Performance Management (GPM)** সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা অনুসরণ করা হয়। প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বেগম ফরিদা জাহান, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয় এবং জনাব মো: আমিরুল ইসলাম, উপসচিব, বাজেট শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে অত্র দপ্তরের পরিচালক, জনাব এস. এম. সিরাজুল ইসলাম সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। বর্তমান প্রেক্ষাপটে সরকারী কর্ম সম্পাদন ব্যবস্থাপনা “ **Government Performance Management (GPM)** শীর্ষক প্রশিক্ষণটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের উন্নয়নকে গতিশীল রাখতে এবং দক্ষ জনবল গড়ে তুলতে উক্ত প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। সরকারী কর্মচারীকে জনবান্ধব করতে প্রতিনিয়ত যুক্ত হচ্ছে নতুন নতুন ধ্যান ধারণা ও কর্মকৌশল। এই ধারণা ও কর্মকৌশলের সাথে খাপ খাইয়ে নিজেকে সেবা প্রদানের জন্য দক্ষ কর্মচারী হিসেবে গড়ে তুলতে প্রশিক্ষণটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

৬/৪/১৬

নিলুফা আক্তার
পরিচিতি নং-২০৮৩
সিনিয়র ট্রেনিং অফিসার
বীজ প্রত্যয়ন এজেন্সী গাজীপুর-১৭০১